

রাজশাহী বিশ্ববিদ্যালয়

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে প্রথমবর্ষ স্নাতক/স্নাতক(সম্মান) শ্রেণীতে ভর্তি পরীক্ষায় বিশেষ কোটায় আবেদন ও ভর্তির শর্তাবলী

- (ক) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীরা ভর্তি পরীক্ষায় ন্যূনতম পাশ নম্বর (৪০) পেলে তাদের জাতিভিত্তিক প্রত্যয়নপত্রের সত্যায়িত ফটোকপি ও অন্যান্য একাডেমিক কাগজপত্রসহ সংশ্লিষ্ট নির্বাচন কমিটির নিকট অবশ্যই নির্ধারিত সময়সীমার মধ্যে সাক্ষাৎকারের জন্য উপস্থিত হতে হবে।
- (খ) মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা ও নাতি/নাতনি ভর্তি পরীক্ষায় ন্যূনতম পাশ নম্বর (৪০) পেলে পিতা-মাতার, দাদা-দাদি এবং নানা-নানির মুক্তিযোদ্ধা সনদপত্রের সত্যায়িত ফটোকপি ও অন্যান্য একাডেমিক কাগজপত্রসহ সংশ্লিষ্ট নির্বাচন কমিটির নিকট অবশ্যই নির্ধারিত সময়সীমার মধ্যে সাক্ষাৎকারের জন্য উপস্থিত হতে হবে।
- (গ) শারীরিক প্রতিবন্ধী প্রার্থী ভর্তি পরীক্ষায় ন্যূনতম পাশ নম্বর (৪০) পেলে শারীরিক প্রতিবন্ধী হিসেবে প্রত্যয়নপত্র ও অন্যান্য একাডেমিক কাগজপত্রসহ সংশ্লিষ্ট নির্বাচন কমিটির নিকট অবশ্যই নির্ধারিত সময়সীমার মধ্যে সাক্ষাৎকারের জন্য উপস্থিত হতে হবে।
- (ঘ) রাজশাহী বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীদের পুত্র/কন্যাদের Ward কোটায় অন্তর্ভুক্তির ক্ষেত্রে আইসিটি সেন্টার কর্তৃক ওয়েবসাইটে প্রকাশিত নিয়মাবলী অনুসরণ করে সংশ্লিষ্ট অফিস প্রধানের সুপারিশসহ আবেদনপত্র অনলাইনে জমা দিতে হবে।
- (ঙ) রাজশাহী বিশ্ববিদ্যালয়ের কোন শিক্ষক-কর্মকর্তা-কর্মচারী চাকরি থেকে অবসরগ্রহণ করলে অথবা চাকরিরত অবস্থায় মৃত্যুবরণ করলে অবসরগ্রহণ এবং মৃত্যুর তারিখ থেকে ৫ (পাঁচ) বছর পর্যন্ত পুত্র/কন্যারা Ward কোটার অন্তর্ভুক্ত থাকবে। তবে মৃত্যুবরণকারী শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীগণের অপ্রাপ্ত বয়স্ক পুত্র/কন্যাকে তাঁর মৃত্যুর ৫ বছর অতিক্রান্ত হলেও বিশেষ বিবেচনায় Ward কোটার অন্তর্ভুক্ত করা হবে।
- বিঃদ্রঃ** সকল প্রকার কোটার অন্তর্ভুক্ত প্রার্থীকে প্রাথমিক আবেদনের সময় অবশ্যই অনলাইনে প্রদত্ত নিয়মাবলী ও নির্দেশনা অনুসরণ করে প্রার্থিত কোটায় আবেদন করতে হবে। অন্যথায় তাদের কোটাভুক্তির আবেদন গ্রহণযোগ্য হবে না।

(প্রফেসর মো. আবদুস সালাম)

রেজিস্ট্রার

রাজশাহী বিশ্ববিদ্যালয়